গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০৩.০০১.২০২১/২৬২

তারিখঃ ৩০/০৫/২০২২ খ্রিঃ।

**বিষয়: আমদানিকৃত পণ্যের 'শ্রেণিবিন্যাসকরণ সভা' আহ্বান। সভা নং-০৩/২০২২**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন অংশীজনদের নিকট হতে পণ্যের এইচএস কোড নির্ধারণ বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করার প্রয়োজনে আগামী ০৫/০৬/২০২২ খ্রিঃ তারিখ রবিবার সকাল ১০:৩০ ঘটিকায় সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর সভাপতিত্বে তাঁর দাপ্তরিক কক্ষে (কক্ষ নং-৫২৮) একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আলোচ্যসূচি নিম্নরূপ:

(১) কাস্টম হাউস, আইসিডি কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক M/S Maxwell Trading Corporation কর্তৃক আমদানিকৃত "Woofer (Speaker Parts)" এর সঠিক HS Code নির্ধারণ;

(২) কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক Olympic Marketing কর্তৃক আমদানিকৃত "P.P SHEET/FILM IN ROLL (PRINTED) DEMARCATED" এর সঠিক HS Code নির্ধারণ;

(৩) কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক Rahimafrooz Renewable Ltd Bangladesh কর্তৃক আমদানিকৃত "RTV Sealant" এর সঠিক HS Code নির্ধারণ;

(৪) কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক Nazma Sharee Fashion, Dhaka কর্তৃক আমদানিকৃত "Wood Screw" এর সঠিক HS Code নির্ধারণ;

(৫) কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক Tech Valley Networks Ltd. কর্তৃক আমদানিকৃত 'All-In-One Computer CPU (Smart View Board) 65"' (ঘোষণা অনুযায়ী) নামক পণ্যের সঠিক H.S Code নির্ধারণ;

০২। উল্লেখ্য যে, এই সকল পণ্য সংক্রান্ত মতামত জানতে চেয়ে সংশ্লিষ্ট কাস্টম হাউস সমূহে ইতোপূর্বে প্রেরিত এ দপ্তরের পত্রের বিপরীতে কিছু কিছু মতামত এখনও পর্যন্ত পাওয়া যায়নি। জরুরী ভিত্তিতে উক্ত মতামতসমূহ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উক্ত সভায় সংশ্লিষ্ট আইন, বিসিটি, এক্সপ্লানেটোরি নোটস প্রভৃতির আলোকে তাঁর দপ্তরের মতামত ও প্রয়োজনীয় প্রস্তুতিসহ (প্রযোজ্য ক্ষেত্রে নমুনাসহ) যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/০৫/২০২২
(মোঃ সোহেল রানা)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১-০৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ আইসিডি (কমলাপুর)/ বেনাপোল/ মোংলা/ পানগাঁও [**তাঁকে তাঁর দপ্তরের লিখিত মতামতসহ একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো**]।

০৭। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা [**তাঁকে তাঁর দপ্তরের লিখিত মতামতসহ একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো**]।

০৮। দ্বিতীয় সচিব, বোর্ড প্রশাসন-৩, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (তাঁকে ২০ (বিশ) জনের আপ্যায়নের ব্যবস্থাসহ সভার কক্ষ প্রস্তুত রাখার অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

০২। প্রথম সচিব (কাস্টমস: নীতি/কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।